# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৯৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - প্রথম ওয়াক্ত হওয়ার সঙ্গে সঙ্গে সালাত আদায়

بَابُ تَعْجِيْلِ الصَّلَوَاتِ

## আরবী

وَعَنْ رَافِعِ بْنِ خَدِيجٍ قَالَ: كُنَّا نُصَلِّي الْمَغْرِبَ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَيَنْصَرِفُ أَحَدنَا وَإِنَّهُ ليبصر مواقع نبله

## বাংলা

৫৯৬-[১০] রাফি’ ইবনু খদীজ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে মাগরিবের সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতাম। সালাত শেষ করে আমাদের কেউ তার তীর পড়ার স্থান (পর্যন্ত) দেখতে পেত। (বুখারী ও মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫৫৯, মুসলিম ৬৩৭, ইবনু মাজাহ্ ৬৮৭, আহমাদ ১৭২৭৬, ইরওয়া ২৫৬।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূর্য ডোবার সাথে সাথে মাগরিবের সালাত (সালাত/নামায/নামাজ) প্রথম ওয়াক্তেই আদায় করতেন। তখন এমন আলো থাকতো যে, সালাত (সালাত/নামায/নামাজ) শেষে সব সহাবা (সাহাবা) যখন বাড়ি ফিরতেন তখন ধনুক থেকে তীর ছুঁড়লে তীর পতিত হওয়ার স্থান দেখা যেত। এ হাদীস দ্বারা প্রমাণিত হয় যে, মাগরিবের সালাত (সালাত/নামায/নামাজ) প্রথম সময়ে দ্রুত সম্পন্ন করা উচিত। মাগরিবের সালাতকে লালিমা দূর হওয়ার নিকটস্থ সময় পর্যন্ত দেরী করা সম্পর্কিত হাদীস মূলত দেরী করার বৈধতার ব্যাখ্যা বা এ হাদীস দ্বারা আরো প্রমাণিত হয় যে, এ সালাতে ছোট ছোট সূরাহ্ তিলাওয়াত করা উচিত। তা না হলে সালাত দ্রুত সম্পন্ন করা সম্ভব নয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55153

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন